বাংলা প্রসার কমিটি
Bangla Prosar Committee
"মোদের গরব মোদের আশা, আ-মরি বাংলা ভাষা"

# সংবাদ প্রতিবেদন

## কর্মশালা ও বাংলা প্রসার কমিটির দশবর্ষপূর্তি উদ্‌যাপন


ডঃ মাকসুদুল বারী
গণ-সংযোগ সম্পাদক, বাংলা প্রসার কমিটি
ফোন: ০৪১১ ০৮৩ ২৯২


গত ২৪শে অক্টোবর ২০১০ রবিবার লাকেম্বার হেম্পডেন পার্ক পাবলিক স্কুল হলে অনুষ্ঠিত হলো বাংলা প্রসার কমিটি কর্তৃক আয়োজিত দিনব্যাপি কর্মশালা এবং কমিটির দশবর্ষপূর্তি উদ্‌যাপন। *অষ্ট্রেলিয়ার জাতীয় পাঠ্যক্রমের আওতায় উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলাভাষা অন্তর্ভূক্তির পথক্রম* শীর্ষক কর্মশালায় সঞ্চালক ছিলেন বিশিষ্ট মিডিয়া ব্যাক্তিত্ব ও বিশেষজ্ঞ ডাক্তার জনাব তানভির আহমেদ। প্রধান বক্তা ছিলেন বাংলা প্রসার কমিটির প্রাক্তন সভাপতি জনাব আবদুল জলিল। সার্বিক অনুষ্ঠানটি পরিচালনা করেন কমিটির সভাপতি ডঃ স্বপন পাল ও সাধারণ সম্পাদক মিসেস হাসিনা আক্তার মিনি।

কমিউনিটির গণ্যমান্য ব্যাক্তিত্ব, শনিবারের ভাষা স্কুলের শিক্ষিকা, ছাত্র-ছাত্রী ও তাদের অভিবাবকসহ উল্লেখযোগ্য সংখ্যক ব্যক্তিবর্গ উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলা ভাষা অন্তর্ভূক্তির সুবিধা, প্রতিবন্ধকতা ও তা নিরসনের উপায় সম্পর্কে বক্তব্য রাখেন ও বিশদভাবে আলোচনা করেন। এইসকল বক্তব্যের উপর ভিত্তি করে কমিটি পরবর্তি কার্যক্রম নির্ধারণ এবং শনিবারের ভাষা স্কুলের ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধিতে উদ্যোগ গ্রহন করবে। এর ফলে বাংলা ভাষা নিউ সাউথ ওয়েলস শিক্ষা ব্যবস্থায় স্থায়ীভাবে অন্তর্ভূক্তির পথ সুগম হবে বলে কমিটি আশা পোষণ করে। কর্মশালায় গৃহীত বিস্তারিত সিদ্ধান্তসমূহ সকলের অবগতির জন্য শীঘ্রই প্রচার করা হবে।

শনিবারের ভাষা স্কুল সম্পর্কে বিস্তারিত তথ্য ও আবেদন পত্রের জন্য আগ্রহী সকলকে নিম্নের ওয়েব সাইট দেখার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
http://www.curriculumsupport.education.nsw.gov.au/secondary/languages/sscl/

হাই স্কুলের বাংলা ভাষার সিলেবাস ও অনান্য তথ্যের জন্য আপনারা অনুগ্রহ করে বাংলা প্রসার কমিটির ওয়েব সাইট http://www.banglaprosar.org.au/ দেখুন।

উক্ত কর্মশালায় অংশগ্রহনসহ কমিটির সকল প্রকার কার্যক্রমে সহযোগিতার জন্য কমিউনিটির সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ।